অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/20/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

অক্টোবরে অপ্রাপ্তবয়স্কদের মদ্যপান বন্ধ করতে বহু-এজেন্সির প্রচেশটার কথা ঘোষণা করেন গভর্নর কুওমো

স্টেট লিকার অথোরিটি (State Liquor Authority, SLA), ডীপার্টমেন্ট অফ মোটর ভেহিকলস (Department of Motor Vehicles, DMV) এবং আইন প্রয়োগকারী সংস্থারা ব্যাপক বলবতকরণ ক্যাম্পেইন পরিচালনা করবে

জুন থেকে সেপ্টেম্বর পর্যন্ত 400 জনের বেশী মানুষকে অপ্রাপ্তবয়স্কদের মদ্যপান বন্ধ করার প্রচেষ্টায় অভিযুক্ত করা হয় রাজ্য জুড়ে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ অক্টোবর মাসে অপ্রাপ্তবয়স্কদের মদ্যপান বন্ধ করার জন্য রাজ্য জুড়ে প্রচেষ্টার ঘোষণা করেছেন। নিউ ইয়র্ক স্টেট লিকার অথোরিটি (New York State Liquor Authority)এবং নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ মোটর ভেহিকলস, স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থাগুলোর সাথে, পানশালা, রেস্টুরেন্ট, মদ ও মুদির দোকান সহ অপ্রাপ্তবয়স্কদের মদ বিক্রি করে বলে সন্দেহ লাইসেন্সকৃত খুচরা বিক্রেতাদের পরীক্ষা করবে SLA 500টি স্থানে পরিদর্শন করবে, কিছু জায়গায় DMV তদন্তকারীরা সাহায্য করবেন এবং অন্যান্য স্থানে স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থারা করবেন।

"অপ্রাপ্তবয়স্ক মদ্যপানের বিপদ থেকে নিউ ইয়র্কের তরুণদের রক্ষা করতে আমাদের রাজ্যের সংস্থাগুলির ও আইন বলবতকারী সংস্থার কর্মকর্তারা যে কাজ করেছেন, তার জন্য আমি গর্বিত", **গভর্নর কুওমো বলেন।** "আমাদের সড়কগুলোকে নিরাপদ রাখার জন্য, আমাদের তরুণদের রক্ষা করতে এবং যারা অপ্রাপ্তবয়স্কদের মদ্যপান করা সক্ষম করে তাদের দায়বদ্ধ করার জন্য এই রাজ্য ব্যাপী অবিরত বলবতকরণ প্রচেষ্টা আমাদের সাফল্যের আরো বাড়িয়ে তোলে।"

এই অভিযান সফল অপারেশন প্রিভেন্ট (Operation Prevent) অভিযানের উপর গঠন করে, যা অপ্রাপ্তবয়স্কদের মদ্যপান হ্রাস করার এবং ভুয়া পরিচয়পত্র ব্যবহার রোধ করতে সারা বছর ধরে চলতে থাকা একটি উদ্যোগ।

এই বছরের জুন মাসের মাঝামাঝি সময় থেকে 426 জন ব্যক্তিকে অপারেশন প্রিভেন্ট বলবতকরণ প্রচেষ্টার সময় টিকিট জারি করা হয়েছে ক্যাপিটাল অঞ্চলের সারাটোগা পারফর্মিং আর্টস সেন্টারে, পশ্চিম নিউ ইয়র্কের ডারিয়েন লেক কনসার্ট ফেসিলিটিতে, ফিঙ্গার লেকের CMAC-তে, সেন্ট্রাল নিউ

ইয়র্কের লেকভিউতে সেন্ট জোসেফস হেলথ অ্যাম্ফিথিয়েটারে এবং লং আইল্যান্ডে জোন্স বিচ থিয়েটারে।

নিউ ইয়র্ক, পেনসিলভেনিয়া, ম্যাসাচুসেটস, কানেকটিকাট, মেরিল্যান্ড, ডেলাওয়ের, রোড আইল্যান্ড, ওহাইও, মেইন, টেনেসি, কেনটাকি, নিউ জার্সি, টেক্সাস, জর্জিয়া, সাউথ ক্যারোলিনা, ইন্ডিয়ানা এবং আলবার্টা, কানাডার পরিচয়পত্রের মতো দেখতে জাল আইডি বাজেয়াপ্ত করা হয়েছে।

এখানে প্রদত্ত টিকেটের আঞ্চলিক ভিত্তিতে একটি বিশদ তথ্য দেওয়া হল:

অঞ্চল	মোট টিকিট ইস্যু করা হয়েছে
ক্যাপিটাল রিজিয়ন	56টি টিকিট
সেন্ট্রাল নিউ ইয়র্ক	101টি টিকিট
ফিঙ্গার লেকস	187টি টিকিট
লং আইল্যান্ড	৪2টি টিকিট

অ্যালকোহল ক্রয়ের উদ্দেশ্যে ভুয়া আইডি বা জাল নথিপত্র ব্যবহারকারী 21 বছরের কম বয়সী ব্যক্তিদেরকে টিকিট প্রদান করা হতে পারে এবং ন্যূনতম 90 দিনের জন্য বা সর্বোচ্চ এক বছরের জন্য তাদের লাইসেন্স প্রত্যাহার করা হতে পারে। উপরন্তু, রাজ্য মদ কর্তৃপক্ষের দ্বারা অপ্রাপ্তবয়স্কদের কাছে বিক্রি করার দোষে অভিযুক্ত ব্যবসাগুলি লঙ্ঘনপ্রতি 10,000 মার্কিন ডলার পর্যন্ত দেওয়ানি শাস্তির সম্মুখীন হবেন, এবং বারম্বার যারা এই অপরাধ করেন তারা তাদের মদের লাইসেন্সের সম্ভাব্য স্থগিতকরণ বা বাতিলকরণের সম্মুখীন হবেন। অধিকন্তু, অপ্রাপ্তবয়স্কদের কাছে বিক্রয়কারী কর্মচারী বা লাইসেন্সধারীগণ অপকর্মের অভিযোগে গ্রেপ্তার হতে পারে।

স্টেট লিকর অথরিটির চেয়ারম্যান ভিনসেন্ট ব্র্যাডলি বলেন, "রাজ্য মদ কর্তৃপক্ষ লাইসেন্সধারীরা আইন মেনে চলছেন এটি নিশ্চিত করার জন্য আমাদের যে দায়িত্ব, তা খুব গুরুত্বেও সাথে পালন করেন। গভর্নর কুওমোর অধীনে এই সব বলবতকরণের মাধ্যমে একটি বার্তা পাঠানো হয় যে অপ্রাপ্তবয়স্কদের মদ বিক্রি করে বা জাল পরিচয়পত্র কেনার মাধ্যমে অপ্রাপ্তবয়স্কদের মদ্যপান করতে সাহায্য করলে নিউ ইয়র্ক রাজ্যে তা সহ্য করা হবে না।"

ডিপার্টমেন্ট অব মোটর ভেহিকলসের কমিশনার মার্ক জে. এফ. শ্রোডার বলেন, "অপ্রাপ্তবয়স্কদের মদ্যপান বিপজ্জনক এবং নকল পরিচয়পত্রের দামের চেয়ে অনেক বেশি মূল্য দিতে হতে পারে এর জন্য। আমি সব তরুণ নতুন ইয়র্কবাসীদের একটি ছদ্ম আইডি-র উপর তাদের টাকা নষ্ট করে সঠিক বয়সের আগে মদ্যপান করার আগে দুবার চিন্তা করার অনুরোধ করবো। ওই সিদ্ধান্তগুলোর পরিণতিগুলি জীবনভর স্থায়ী হতে পারে, আর আপনার জাল আইডি দেখে যতই ভালো মনে হোক না কেন, আমাদের অভিজ্ঞ তদন্তকারীদের কাছে সেই সব যন্ত্রপাতি ও প্রশিক্ষণ আছে যা দ্রুত একটি জাল পরিচয়পত্র ধরে ফেলতে পারে।"

15ই মে গভর্নর কুওমো ঘোষণা করেন যে 2019-এর এপ্রিল মাসে অপ্রাপ্তবয়স্কদের মদ্যপানের ধরপাকড়ের সময় রাজ্য মদ কর্তৃপক্ষ 46টি কাউন্টিতে 66টি অপ্রাপ্তবয়স্কদের ডিটেল পরিচালিত করেন এবং 851টি মদের লাইসেন্সধারী অবস্থানে অপ্রাপ্তবয়স্ক প্রলুব্ধকারকদের পাঠান তদন্তকারীরা। এই প্রলুব্ধকারকরা 851টি ব্যবসায়িক প্রতিষ্ঠানের মধ্যে 186টি থেকে অ্যালকোহল কিনতে সক্ষম হন।

ইয়র্ক স্টেট অফিস অফ অ্যালকোহলিজম অ্যান্ড সাবস্ট্যান্স আবিউজ (New York State Office of Alcoholism and Substance Abuse Services, NYS OASAS) জানাচ্ছে:

- 21 বছর বয়সের আগে অ্যালকোহল পান করলে তা মস্তিষ্কের বিকাশ ব্যাহত করতে পারে যার ফলে শিক্ষা অর্জনে অসুবিধা হবার সম্ভাবনা থাকে 20 বছর বয়সের ব্যাপ্তী অবধি; এবং
- পূর্বে অ্যালকোহল ব্যবহারের ফলে খারাপ গ্রেড, অনুপস্থিতি এবং উচ্চতর স্কুল যাওয়া বন্ধ করার সাথে সম্পর্কিত করা হয়।

নিজে বা নিজের কোনো প্রিয়জন আসক্তিতে ভুগছে এমন পরিস্থিতিতে নিউ ইয়র্কের বাসিন্দারা সাহায্য ও আশা খুঁজে পেতে পারেন স্টেটের টোলমুক্ত হোপলাইন 1-877-8-HOPENY (1-877-846-7369)-এ ফোন করে বা HOPENY (সংক্ষিপ্ত কোড 467369)- এ টেক্সটবার্তা পাঠিয়ে, লাইনটি সপ্তাহে 7 দিন এবং দিন-রাত 24 ঘন্টা খোলা থাকবে।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন